



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

সিভিল ডিভিশন-২, কুমিল্টোলা, ঢাকা।

www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.৪২৩.০২.০০৪.২৪- ৫১৯

তারিখ- ১০.০৭.২০২৪ খ্রি:।

“নিলাম দরপত্র বিক্রয়”

নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে বর্ণিত কাজটির জন্য সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

১-	নিলাম কাজের নাম	: বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিভিল ডিভিশন-২ এর আওতাধীন কুমিল্টোলা আবাসিক এলাকায় অবস্থিত অভিযোগ কেন্দ্রটি গুরুত্বপূর্ণ ভিত্তিতে অপসারণ ও পরিষ্কারকরণ হতে প্রাপ্ত মালামালসমূহ নিলামের মাধ্যমে বিক্রয়।
২-	নিলাম দরপত্র আহবানের সূত্র	: ১)- ৩০.৩১.০০০০.৪০১.২৪.৭২৬.২০(৬)/১৯১৮, তারিখ-০১/০৭/২০২৪ খ্রি:। ২)- ৩০.৩১.০০০০.৪০১.২৪.৭২৬.২০(১৪)/১২১৩, তারিখ-১৪/১২/২০২৩ খ্রি:।
৩-	বায়নার টাকার পরিমাণ	: উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) (অকৃতকার্য দরদাতার ক্ষেত্রে ফেরৎ যোগ্য) বায়নার টাকা হিসাবে “নির্বাহী প্রকৌশলী, সিভিল ডিভিশন-২, সিএএবি, কুমিল্টোলা, ঢাকা” এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৪-	নিলাম দরপত্র পদ্ধতি	: উনুক্ত নিলাম পদ্ধতি।
৫-	নিলাম দরপত্র দলিলের মূল্য	: ৮ ১০০০/- (এক হাজার) টাকা ও ১৫% ভ্যাটসহ সর্বমোট ৮ ১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা মাত্র (অফেরৎ যোগ্য)।
৬-	নিলামকারীদের যোগ্যতা	: সিএএবি'র তালিকাভুক্ত ঠিকাদার অথবা প্রকৃত ব্যবসায়ী/আগ্রহী ক্রেতা বা প্রতিষ্ঠান, যাহাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট নিবন্ধন এবং এনআইডি কার্ড রহিয়াছে।
৭-	মালামাল অপসারণের সময়	: কার্যদেশ প্রাপ্তির পর হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে।
৮-	যে সমস্ত অফিসে নিলাম দরপত্র বিক্রয় হইবে	: (ক)- হিসাব শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সিভিল ডিভিশন-২, সিএএবি, কুমিল্টোলা, ঢাকা। (খ)- হিসাব শাখা, সিভিল সার্কেল, সিএএবি, কুমিল্টোলা, ঢাকা। (গ)- ব্যক্তিগত সহকারী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সিএএবি সদর দপ্তর, কুমিল্টোলা, ঢাকা। (ঘ)- ক্যাশ শাখা, সিএএবি সদর দপ্তর, কুমিল্টোলা, ঢাকা।
৯-	যে সমস্ত অফিসে নিলাম দরপত্র গ্রহন করা হবে	: নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সিভিল ডিভিশন-২, সিএএবি, কুমিল্টোলা, ঢাকা।
১০-	যে সমস্ত অফিসে নিলাম দরপত্র খোলা হইবে	: নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সিভিল ডিভিশন-২, সিএএবি, কুমিল্টোলা, ঢাকা।
১১-	নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	: ২১/০৭/২০২৪ খ্রি: বেলা ১৭.০০ ঘটিকা পর্যন্ত।
১২-	নিলাম দরপত্র দাখিলের শেষ সময় ও তারিখ	: ২২/০৭/২০২৪ খ্রি: বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।
১৩-	নিলাম দরপত্র খোলার সময় ও তারিখ	: ২২/০৭/২০২৪ খ্রি: বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত।
১৪-	যে সকল কারণে নিলাম দরপত্র বাতিল হইবে	: ক)- হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি নিলাম দরপত্রের সহিত সংযুক্ত না থাকিলে। খ)- ভ্যাট রেজিস্ট্রেশন ও হালনাগাদ আয়কর সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত না থাকিলে। গ)- নিলাম দরপত্র ক্রয়ের মূল রশিদ দরপত্রের সহিত সংযুক্ত না থাকিলে। ঘ)- নিলাম দরপত্রের সহিত বায়নার টাকা (শতকরা দশ শতাংশ) না থাকিলে। ঙ)- নিলামদাতাকে নিলামের দাখিলকৃত দরপত্রের সমপরিমাণ টাকা ব্যাংকে থাকিতে হইবে এবং ব্যাংক কর্তৃক উহার ইস্যুকৃত সনদপত্র নিলাম দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। চ)- সংশ্লিষ্ট নিলাম দরপত্রদাতার এনআইডি'র কপি সংযুক্ত থাকিতে হইবে।
১৫-	বিশেষ শর্তাবলী	: ক)- সিলগালাকৃত খামে নিলাম দরপত্র দাখিল করিতে হইবে ও খামের উপর আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর এবং কাজের নাম অবশ্যই লিখিতে হইবে। দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় দরদাতাদের সীলমোহর সহ স্বাক্ষর থাকিতে হইবে। খ)- নিলাম দরপত্র সিডিউলে প্রতিটি আইটেমের একক মূল্য এবং মোট মূল্য (অঙ্কে ও কথায়) এবং সর্বমোট মূল্য (অঙ্কে ও কথায়) পরিষ্কারভাবে লিখিতে হইবে। কোনরূপ কাটাকাটি, ঘষামাজা বা ওভাররাইটিং করা যাইবে না। মোট মূল্যের উপর সর্বোচ্চ দর বিবেচিত হইবে। গ)- আগ্রহী নিলাম দরপত্রদাতাগণ অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত (বিক্রয়যোগ্য স্থাপনা/মালামাল যেখানে যে অবস্থায় আছে) সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন। পরবর্তীতে নিলামকৃত মালামালের বিষয়ে কোন প্রকার অভিযোগ/গুজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না। যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। ঘ)- একাধিক দরদাতার দর সমান হইলে কর্তৃপক্ষ কর্তৃক লটারীর মাধ্যমে সফল দরদাতা নির্ণয় করা হইবে। ঙ)- নির্ধারিত সময়ের মধ্যে মালামালসমূহ অপসারণ করিতে হইবে। চ)- সিএএবি'র প্রচলিত বিধি মোতাবেক ও শুধুমাত্র কার্যদিবসে এবং নাগরিক সময়ের মধ্যে অপসারণকৃত মালামালসমূহ ডেলিভারী প্রদান করা হইবে। ছ)- সিএএবি'র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমেই কেবলমাত্র বিক্রয়াদেশ জারী করা হইবে। জ)- কৃতকার্য নিলামদাতাকে বিক্রয়াদেশ জারী হওয়ার ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে উদ্ধৃত মূল্যের টাকা ও উহার উপর সরকার কর্তৃক ধার্যকৃত আয়কর ও ভ্যাটের টাকাসহ সমুদয় মূল্য পরিশোধ করিয়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ নিলামকৃত মালামাল ডেলিভারী নিতে হইবে। অন্যথায় প্রদত্ত বায়নার টাকা বিধি মোতাবেক বাজেয়াপ্ত করা হইবে। ঝ)- নিলাম গ্রহণকারীর নিজ দায়িত্বে ও তাহার লোকবল দ্বারা মালামাল গ্রহণ করিতে হইবে এবং কর্তৃপক্ষ কর্তৃক বিক্রয়াদেশ ও ডেলিভারী আদেশ জারীকালীন প্রদত্ত শর্তাবলী মানিয়া চলিতে হইবে। ঞ)- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সংশ্লিষ্ট নিলাম দরপত্রটি বাতিল, যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

১০/০৭/২০২৪
(অরুণ কুমার সাহা)

নির্বাহী প্রকৌশলী (সিভিল) (০৪ দাঃ)

সিভিল ডিভিশন-২

সিএএবি, কুমিল্টোলা, ঢাকা।